দৈনিক

16 MAY 2017

# নন-এমপিও শিক্ষকদের কর্মসূচিতে পুলিশের বাধা

**নিজস্ব প্রতিবেদক ●**

বেতন-ভাতার দাবিতে গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচিতে বসতে দেয়নি নন-এমপিও নিম্নমাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের। কর্মসূচিতে অংশ নিতে দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে আসা শিক্ষক-কর্মচারীরা জড়ো হতে থাকলে দফায় দফায় তাদের বাধা দেওয়া হয় বলে জানিয়েছেন শিক্ষকরা।

শিক্ষক নেতা মো. আনোয়ার হোসেন জানান, পুলিশ বিনা নোটিশে জাতীয় প্রেসক্লাবের সামনে আমাদের বসতে দেয়নি। পুলিশ বলেছে, সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকের কারণে এ এলাকায় কোনো ধরনের সমাবেশ বা অবস্থানের অনুমতি নেই।

তবে আজ মঙ্গলবার পূর্বঘোষিত লাগাতার অবস্থান কর্মসূচি অব্যাহত থাকবে এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ও সচিবকে স্মারকলিপি দেওয়া হবে। শনিবার থেকে এ কর্মসূচি পালন করে আসছে বাংলাদেশ নন-এমপিও নিম্ন মাধ্যমিক শিক্ষক-কর্মচারী ফোরাম।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতার্থে